

ডাকসু নির্বাচনে ভোটার ছাত্রীর বিতর্কিত ঘটনায় সিসিটিভি ফুটেজের বিস্তারিত প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ডাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫-এ টিএসসি কেন্দ্রের ঘটনাকে
ঘিরে অভিযোগ ওঠার পর এবার সেই ঘটনার সিসিটিভি ফুটেজ
বিশ্লেষণের বিস্তারিত প্রকাশ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড.
মোহাম্মদ জসীম উদ্দিন স্বাক্ষরিত বিজ্ঞপ্তির সঙ্গে ফুটেজের
টাইমলাইন প্রকাশ করা হয়েছে।

প্রশাসন জানায়, ৯ সেপ্টেম্বর সকাল ১১টা ৩০ মিনিট থেকে ১১টা
৪২ মিনিট পর্যন্ত বিভিন্ন সময়ে ওই ছাত্রী বারবার ভোটকেন্দ্রের
বুথে প্রবেশ ও বের হন এবং একাধিক ব্যক্তির সঙ্গে কথা বলেন।
এ সময় তার কার্যক্রম ঘিরে প্রশ্ন তৈরি হয়েছে।



২০২৬ সালের অমর একুশে বইমেলা শুরু ১৭ ডিসেম্বর

প্রকাশিত সিসিটিভি ফুটেজ বিশ্লেষণে দেখা যায়, সকাল ১১টা ৩০

মিনিটে তিনি বুথ থেকে বের হয়ে অভিযোগ করেন। ১১টা ৩২

মিনিটে তাকে নতুন ব্যালট দেওয়া হয়। ১১টা ৩৩ মিনিট থেকে

১১টা ৩৪ মিনিটের মধ্যে তিনি দুই দফা বুথে প্রবেশ করেন। ১১টা

৩৬ মিনিটে বুথ থেকে বের হয়ে কেন্দ্রে থাকা এক শিক্ষক ও

কর্মকর্তার সঙ্গে আলাপ করেন।

১১টা ৩৯ মিনিট থেকে প্রায় ১০ মিনিট ১৫ সেকেন্ড বুথের ভেতরে

অবস্থান করেন। এরপর ১১টা ৫০ মিনিট থেকে ১১টা ৫২ মিনিট

পর্যন্ত তিনি বুথ থেকে বের হয়ে বিভিন্ন কর্মকর্তা, প্রিজাইডিং

অফিসার ও কেন্দ্র প্রধানের সঙ্গে কথা বলেন।

প্রশাসনের বিজ্ঞপ্তিতে বলা হয়, ভিডিওতে দেখা যায় ওই ছাত্রী

মোট চারবার বুথে প্রবেশ করেছেন। প্রথমবার প্রায় ৪০ সেকেন্ড,

দ্বিতীয়বার ৬৬ সেকেন্ড, তৃতীয়বার ২ সেকেন্ড এবং চতুর্থবার ১০

মিনিটেরও বেশি সময় ধরে বুথে ছিলেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সোমবার অন্য একটি বিজ্ঞপ্তিতে জানিয়েছে,

ঘটনাটি নিয়ে উচ্চ পর্যায়ে তদন্ত চলছে। ভোটকেন্দ্রে একাধিকবার

বুথে প্রবেশ, বিভিন্ন কর্মকর্তার সঙ্গে আলাপচারিতা এবং দীর্ঘ সময়

ধরে বুথে অবস্থান করা ‘প্রশ্নবিদ্ধ ও সন্দেহজনক’।